



বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা ^{১৭৫} ৪১৫২৪

স্থাপিত : ১৭ মার্চ ১৯৮৮ইং
সরকারি রেজিস্ট্র নং-টা-৬১৮০

জাতীয় শিশু-কিশোর সংগঠন
(জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট কর্তৃক অনুমোদিত)
বগুড়া জেলা শাখা, বগুড়া।

তারিখ : ০৩/০৬/২৪ ইং

স্মারক নং-১০-০৩-৮৬২৪

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক

বগুড়া সরকারি স্নাতকোত্তর কলেজ

বগুড়া সদর উপজেলা, বগুড়া।

বিষয় : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪।

জনাব,
সুভাসিতা নিবেদন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪ ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীকে নিজ উপজেলায় অংশ গ্রহণ করে জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে হবে। প্রত্যেক উপজেলায় ০৩ (তিন) জন বিজয়ী ঘোষণা করা হবে। উপজেলা পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী জেলায় এবং জেলায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ঢাকায় জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪ ঢাকায় অংশগ্রহণ করতে পারবে। একজন প্রতিযোগী উপজেলা পর্যায়ে ০৩ (তিন) টি বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। প্রত্যেক বিষয়ের জন্য আলাদা আলাদা ফরম পূরণ করে নাম নিবন্ধন করতে হবে। নিবন্ধনের সময় প্রত্যেকটি ফরমের জন্য ০৩ (তিন) কপি ছবি, জন্ম নিবন্ধনের ফটোকপি, বেতনের রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে। বগুড়া সদর উপজেলা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত তারিখ ও সময়ে এবং স্থানে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এক উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের কোন ছাত্র-ছাত্রী অন্য উপজেলায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। শিক্ষা প্রতিষ্ঠান যে উপজেলায় প্রতিযোগী সেই উপজেলায়।

০৭/০৬/২০২৪ ইং সংগীত বিষয় : স্থান : জেলা শিল্পকলা একাডেমী, বগুড়া। সময়-৩.০০ টা

২১/০৬/২০২৪ ইং সাধারণ নৃত্য ও লোক নৃত্য, স্থান : জেলা শিল্পকলা একাডেমী, বগুড়া। সময়-৩.০০ টা

২৮/০৬/২০২৪ ইং একক অভিনয়, একক কবিতা আবৃত্তি ও চিত্রাংকন, স্থান : জেলা শিল্পকলা একাডেমী, বগুড়া। সময়-৩.০০ টা

জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ এর বিভাগ, বিষয়, শ্রেণি বিন্যাস

ক- বিভাগ : চিত্রাংকন- যেমন খুশি আঁকো। সংগীত- ছড়াগান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, দেশাত্ত্ববোধক গান, বঙ্গবন্ধুকে নিয়ে গান।
(নার্সারি থেকে তৃতীয় শ্রেণি) নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক।

খ- বিভাগ : চিত্রাংকন- বঙ্গবন্ধুর প্রতিকৃতি/আমার বাংলাদেশ, সংগীত : রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত।
(৪র্থ থেকে ৭ম শ্রেণি) দেশাত্ত্ববোধক গান, বঙ্গবন্ধুকে নিয়ে গান, পল্লীগীতি।
নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।

গ- বিভাগ : চিত্রাংকন : বঙ্গবন্ধুর প্রতিকৃতি, সংগীত : রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, দেশ গান, বঙ্গবন্ধুকে নিয়ে গান, পল্লীগীতি।
(৮ম থেকে ১০ম শ্রেণি) নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।

ঘ- বিভাগ : চিত্রাংকন : বঙ্গবন্ধুর প্রতিকৃতি, সংগীত : রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, দেশ গান, বঙ্গবন্ধুকে নিয়ে গান, পল্লীগীতি।
(কলেজ-বিশ্ববিদ্যালয়) নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।

অতএব, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২৪। বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা উদ্যোগে বগুড়া সদর উপজেলার জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা বিষয়ে আপনার শিক্ষা প্রতিষ্ঠান/একাডেমী সকল ছাত্র-ছাত্রীদের অবগত করণের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

নিবেদক

গৌতম কুমার দাস

সভাপতি- বগুড়া জেলা শাখা, বগুড়া।
সহ-সভাপতি- কেন্দ্রীয় কমিটি, ঢাকা।
সম্পর্ককারী- রাজশাহী বিভাগ, রাজশাহী।
বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা
সদস্য, বগুড়া জেলা আওয়ামীলীগ, বগুড়া।
মোবাইল নং-০১৫৫০-৮০৪২২০